পশ্চিমবঙ্গ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর
জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন
স্বাস্থ্যসাথী
জিএন ২৯, সেক্টর-৫, সল্টলেক,
কলকাতা-৭০০০৯১

মেমো নং: HFW-27011/386/2018-NHM SEC-Dept. of H&FW/ 1728 তারিখঃ 17/06/2021

বিষয়ঃ জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন এমন গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে ASHA-দের জন্য অনুমোদিত উৎসাহ ভাতা সমূহ

২০২১-২০২২ আর্থিক বছরে একজন ASHA জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন এমন গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে মাতৃ ও শিশু স্বাস্থ্য বিষয়ক যে সকল কাজ করবেন সেই কাজগুলি হলঃ

১) একজন ASHA জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন এমন গর্ভবতী মহিলাকে গর্ভাবস্থার ১২ সপ্তাহের মধ্যে উপস্বাস্থ্যকেন্দ্রে অথবা গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবসে এ.এন.এম-এর কাছে নাম নথিভুক্তকরণে সাহায্য করবেন। ১২ সপ্তাহের মধ্যে নাম নথিভুক্ত করা, জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন এমন গর্ভবতী মহিলা, সম্পূর্ণ গর্ভকালীন পরিষেবা পেলে এবং তার প্রাতিষ্ঠানিক প্রসব হলে, ASHA ১২ সপ্তাহের মধ্যে নাম নথিভুক্তকরণের জন্য **১০০/- টাকা** পাবেন।

২) একজন ASHA জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন এমন নথিভুক্ত গর্ভবতী মহিলা যাতে সম্পূর্ণ গর্ভকালীন পরিষেবা (*ন্যূনতম ৪টি গর্ভকালীন পরীক্ষা, ১৮০টি আয়রন ও ফলিক অ্যাসিড বড়ি, টিটেনাস ডিপথেরিয়া ইনজেকশন (২টি অথবা বুস্টার), রক্ত পরীক্ষা, মূত্র পরীক্ষা*) পান সেটা সুনিশ্চিত করবেন। জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন, এমন যে সকল মহিলা ১২ সপ্তাহের মধ্যে নাম নথিভুক্ত করিয়েছিলেন, তাদের ক্ষেত্রে ASHA সম্পূর্ণ গর্ভকালীন পরিষেবা সুনিশ্চিত করতে পারলে, প্রতি মহিলা পিছু **২০০/- টাকা** করে পাবেন। ASHA তার নির্দিষ্ট এলাকায় বাইরে থেকে আসা কোনো গর্ভবতী মহিলাকে এই সম্পূর্ণ পরিষেবা প্রদান করলে এই সংক্রান্ত উৎসাহভাতা পাবেন।

যদি কোনো ১২ সপ্তাহের মধ্যে নাম নথিভুক্ত করানো গর্ভবতী মহিলা ৩য় *গর্ভকালীন পরীক্ষার* পরে তার এলাকা ছেড়ে অন্য কোনো ASHA-র এলাকায় চলে যান এবং সেখানে তার চতুর্থ *গর্ভকালীন পরীক্ষা* হয়, তাহলে যে ASHA-র সাহায্যে তিনি প্রথম তিনটি *গর্ভকালীন পরীক্ষা* করিয়েছিলেন, সেই ASHA সম্পূর্ণ গর্ভকালীন পরিষেবা সুনিশ্চিত করবার জন্য নির্দিষ্ট উৎসাহভাতা পাবেন। এক্ষেত্রে প্রামাণ্য নথি থেকে সম্পূর্ণ গর্ভকালীন পরিষেবা সুনিশ্চিত হলে তবেই ASHA এই উৎসাহভাতার জন্য বিবেচিত হবেন।

৩) একজন ASHA জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন এমন গর্ভবতী মহিলাকে সঙ্গে নিয়ে প্রাতিষ্ঠানিক প্রসবের জন্য সরকারী স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত 'আয়ুষ্মতী' প্রকল্পের অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত জনগোষ্ঠী ভিত্তিক প্রসব কেন্দ্রে [Community based Delivery Centre (CDC)] গিয়ে ভর্তির ব্যবস্থা করবেন। এর জন্য তার সহায়তায় হওয়া প্রতি প্রাতিষ্ঠানিক প্রসব পিছু তিনি **৩০০/- টাকা** করে পাবেন। এ ক্ষেত্রে মনে রাখতে হবে,

১) এটি কেবলমাত্র সরকারী স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত 'আয়ুষ্মতী' প্রকল্পের অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত জনগোষ্ঠী ভিত্তিক প্রসব কেন্দ্রে (CDC) হওয়া প্রসবের ক্ষেত্রে প্রযোজ্য।

২) ডিসচার্জ সার্টিফিকেট বা অন্য কোনো প্রামাণ্য নথি থেকে প্রসব হয়েছে নিশ্চিত হলে তবেই ASHA এই উৎসাহভাতার জন্য বিবেচিত হবেন।

৩) ASHA-র সঙ্গে আসা গর্ভবতী মহিলাকে অন্য কোনো স্বাস্থ্যকেন্দ্রে রেফার করা হলে ASHA-র তার সঙ্গে যাওয়া বাধ্যতামূলক নয়। সেই ক্ষেত্রে ASHA প্রথম স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়ার প্রামাণ্য নথির (ফর্ম ৪) সঙ্গে সেই গর্ভবতী মহিলার সরকারী স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত 'আয়ুষ্মতী' প্রকল্পের অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত জনগোষ্ঠী ভিত্তিক প্রসব কেন্দ্রে (CDC) প্রাতিষ্ঠানিক প্রসব হয়েছে তার প্রামাণ্য নথি জমা দিলে তবেই এই উৎসাহভাতার জন্য বিবেচিত হবেন।

৪) ASHA তার নির্দিষ্ট এলাকায় বাইরে থেকে আসা কোনো গর্ভবতী মহিলাকে সঙ্গে নিয়ে প্রাতিষ্ঠানিক প্রসবের জন্য সরকারী স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত 'আয়ুষ্মতী' প্রকল্পের অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত জনগোষ্ঠী ভিত্তিক প্রসব কেন্দ্রে (CDC) গিয়ে ভর্তির ব্যবস্থা করলে এই সংক্রান্ত উৎসাহভাতা পাবেন।

একজন ASHA যে সকল গর্ভবতী মহিলাকে স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে আসবেন, তাদের অগ্রাধিকার দিতে হবে এবং যত তাড়াতাড়ি সম্ভব প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। যে সকল ক্ষেত্রে একজন ASHA গর্ভবতী মহিলাকে সরকারী স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত 'আয়ুষ্মতী' প্রকল্পের অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত জনগোষ্ঠী ভিত্তিক প্রসব কেন্দ্রে (CDC) নিয়ে এসে ভর্তি করবেন, সেই ক্ষেত্রে নির্দিষ্ট ফর্মের (ফর্ম ৪এ) চারটি কপিতেই গর্ভবতী মহিলার পরিবারের যে কোনো সদস্য এবং সেই স্বাস্থ্যকেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক বা তার অনুমোদিত প্রতিনিধি স্বাক্ষর করবেন। তারপর সেই ফর্মের একটি কপি থাকবে সেই স্বাস্থ্যকেন্দ্রে, এবং বাকি তিনটি কপি **ASHA-র** মাসিক রিপোর্টের তিনটি কপির সঙ্গে সংযুক্ত হবে।

জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন এমন গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে এই কাজগুলির মাসিক রিপোর্টিং-এর জন্য ASHA-দের "ফর্ম ১এ" ব্যবহার করতে হবে।

উপরোক্ত নির্দেশিকাটি ২১.০৬.২১ থেকে কার্যকরী হবে।

ডাঃ সৌমিত্র মোহন, IAS
মিশন ডাইরেক্টর, জাতীয় স্বাস্থ্য মিশন ও
সেক্রেটারি, পশ্চিমবঙ্গ সরকার

1672429/2021/NHM SEC(H&FW)

মেমো নং: HFW-27011/386/2018-NHM SEC-Dept. of H&FW/ 1728 1-(79) তারিখঃ 17/06/2021

জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে দেওয়া হলঃ

1. Jt. DHS, NCD - with a request to circulate copies to all concerned
2. SFWO & Jt. DHS - with a request to circulate copies to all members of SFWB
3. DDHS, Malaria - with a request to circulate copies to all concerned
4. DDHS, Leprosy & SLO - with a request to circulate copies to all concerned
5. ADHS, Food Safety
6. Sr. Accounts Officer, NHM

7-33. Deputy CMOH-III – All Districts

34-60. DPHNO - All Districts

61. Assistant Director, CINI STC

62-77. Secretary/Director, ______________________________________ DTCs

78. In-charge, IT Cell for web posting

79. Office Copy for State ASHA Cell

সৌমিত্র মোহন

ডাঃ সৌমিত্র মোহন, IAS
মিশন ডাইরেক্টর, জাতীয় স্বাস্থ্য মিশন ও
সেক্রেটারি, পশ্চিমবঙ্গ সরকার